ওয়েব ডেভেলপমেন্টে ক্যারিয়ার

● আহমেদ বায়েজীদ

বলা হয়ে থাকে ওয়েব জগতের শুরু আছে শেষ নেই। বর্তমান প্রযুক্তি নির্ভর দুনিয়ায় তাই দিন দিন বাড়ছে ওয়েবের পরিধি। সেই সঙ্গে বাড়ছে ওয়েব সংশ্লিষ্ট পেশায় কর্মীর চাহিদা। দক্ষ ও যোগ্য লোকদের জন্য তৈরি হচ্ছে কাজের নতুন ক্ষেত্র। বর্তমান বিশ্বে সবচেয়ে সম্ভাবনাময় পেশাগুলোর একটি ওয়েব ডেভেলপমেন্ট। বিশেষ করে মেধাবী ও উদ্যমী তরুণদের জন্য ক্যারিয়ার গড়ার বিপুল বিস্তৃত একটি জগৎ এটি। প্রতিদিন নতুন নতুন ওয়েবসাইট তৈরি, ডিজাইন ও পরিচালনার জন্য দরকার ওয়েব ডেভেলপার। পৃথিবীর সব ক্ষেত্রেই যখন বেকারত্ব দিন দিন বাড়ছে, সেখানে ওয়েব ডেভেলপ পেশার জন্য কর্মীর তুলনায় বাড়ছে কাজের পরিমাণ। তাই বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের জন্য বেকারত্ব হ্রাসে ওয়েব ডেভেলপিং রাখতে পারে গুরুত্বপূর্ণ ভূমিকা। এই সেক্টর গড়ে দিতে পারে লাখো তরুণের স্বপ্নিল ক্যারিয়ার। আইটিবিষয়ক কোনো একাডেমিক ডিগ্রি ছাড়াও এ বিষয়ে কাজ করতে পারে যে কেউ। এটি এমন এক পেশা যেখানে ফ্রিল্যান্সিং পদ্ধতিতে ঘরে বসেও আয় করা যায় প্রচুর।

ওয়েব ডেভেলপমেন্ট কী ও কেন?

বিভিন্ন প্রতিষ্ঠান বা ব্যক্তির ওয়েবসাইট তৈরি, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার কাজই মূলত ওয়েব ডেভেলপমেন্ট। একটি ওয়েবসাইটের শুরু থেকে শেষ পর্যন্ত পুরোটাই এক বা একাধিক ওয়েব ডেভেলপারের পরিশ্রমের ফসল। এটি কীভাবে তৈরি হবে, কীভাবে কাজ করবে, এতে কী কী সুবিধা থাকবে, কারা এসব সুবিধা ভোগ করবে তা দেখভাল করা এর অংশ। সাধারণত ওয়েব ডেভেলপমেন্টের কাজকে দুটি ভাগে ভাগ করা যায়। এক. ওয়েব ডিজাইন,দুই-ওয়েব ডেভেলপমেন্ট। ওয়েব ডিজাইন বলতে বোঝায় একটি ওয়েবসাইটের যে অংশটুকু ভিজিটররা দেখবে সেই অংশের সুন্দর ও আকর্ষণীয় ডিজাইন তৈরি করা (অর্থাৎ ভিউ)। একটি ওয়েবসাইটে প্রবেশ করে একজন ভিজিটর যা দেখবেন, সেটার আকর্ষণীয় রূপ ও ডিজাইন কাঠামো তৈরির মাধ্যমে তাকে সন্তুষ্ট করা। প্রত্যেক ভিজিটরকে একজন কাস্টমার হিসেবে বিবেচনা করা হয়। তাই প্রদর্শিত অংশটুকু ভিজিটরের প্রত্যাশামতো তৈরি করা এবং আরো ভিজিটরকে সন্তুষ্ট করাই এর উদ্দেশ্য।

অন্যদিকে ওয়েব ডেভেলপমেন্ট হলো মূলত ওয়েবসাইটের নেপথ্যের কাজগুলো (অর্থাৎ প্রোগ্রামিং)। ওয়েবসাইট কীভাবে কাজ করবে, এতে কী কী সেবা দেয়া হবে, নতুন নতুন সেবা যুক্ত করা ইত্যাদি। মোট কথা একজন ভিজিটর বা কাস্টমারের চাহিদা অনুযায়ী ওয়েবসাইটের ডাটাগুলোকে তৈরি রাখাই ওয়েব ডেভেলপমেন্ট। নিত্যনতুন ফাংশনালিটি যোগ করা, তথ্য-উপাত্ত আপডেট করা ওয়েব ডেভেলপমেন্টের কাজ।

হতে হলে ওয়েব ডেভেলপার

প্রাতিষ্ঠানিক কিংবা ব্যক্তি পর্যায়ে প্রশিক্ষণ নিয়ে যে কেউ ওয়েব ডেভেলপার হতে পারে। এটা অনেকাংশেই ফ্রিল্যান্সিং টাইপের কাজ। কম্পিউটার ও অনলাইন জগৎ সম্পর্কে মোটামুটি ধারণা আছে এমন যে কেউ এই পেশায় আসতে পারে। ওয়েবসাইটের কাজ করার জন্য যেসব প্রোগ্রাম ব্যবহৃত হয় তা ভালোভাবে শিখতে হবে।

ওয়েব ডিজাইন শেখার জন্য যেসব বিষয় আয়ত্ত করতে হয় তার মধ্যে অন্যতম HTML, CSS, JAVA SCRIPT. পাশাপাশি ফটোশপের কিছু আইডিয়া থাকতে হবে। বিশেষ কোনো ফ্রেমওয়ার্ক যেমন জেকোয়েরি ইত্যাদি জানতে হবে। মনে রাখতে হবে, ভালো ডিজাইনার না হলে ভালো প্রোগ্রামার হওয়া যাবে না।

প্রোগ্রামিং শিখতে হলে মূলত প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ভালোভাবে আয়ত্ত করতে হবে। যেমন– PHP, ASP, NET, JAVA অথবা অন্য কোনো ল্যাঙ্গুয়েজ। তবে বর্তমান ওয়েব দুনিয়ায় PHP-এর কাজ সবচেয়ে বেশি হয়। এছাড়া এই সঙ্গে আরো কিছু কাজ যেমন– ডাটাবেজ ডিজাইন, কোয়েরি, এক্সএমএল, হোটিস্টং ও সার্ভার ম্যানেজমেন্ট, সোর্স কন্ট্রোল (git, tortoise svn-এর ব্যবহার), প্রয়োজনীয় কিছু টুলস যেমন– IDE, IE tester ইত্যাদিও কাজ শিখতে হবে।

এই পেশায় ক্যারিয়ার গড়ার জন্য সবচেয়ে বেশি দরকার কাজের দক্ষতা। দক্ষ হয়েই একজন ওয়েব ডেভেলপারকে কাজে নামতে হবে। আর সহজ করে বললে- এই পেশায় শিক্ষানবীশ বা অল্প দক্ষতা নিয়ে কাজ করে সফল হওয়ার সম্ভাবন কম। পুরোপুরি দক্ষ হয়ে কাজে নামলেই কেবল সফল ক্যারিয়ার গড়া সম্ভব। কারণ হলো এখানে একজন ডেভেলপারকে দেশি বিদেশি বিভিন্ন ক্লায়েন্টের সঙ্গে ওয়েবসাইট উন্নয়নে কাজ করতে হবে। সেক্ষেত্রে ক্লায়েন্টের চাহিদা মোতাবেক কাজ করে দিতে না পারলে কাজ পাওয়া যাবে না। সব প্রতিষ্ঠান চাইবে স্বল্প সময়ে ভালো কাজ।

সাধারণভাবে গড়ে প্রতিদিন ৩-৪ ঘণ্টা সময় দিলে ৬ থেকে ৮ মাসে ওয়েব ডিজাইন শেখা ও ২ থেকে আড়াই বছরে দক্ষ ওয়েব ডেভেলপার হওয়া সম্ভব।

তরুণদের জন্য খুবই সম্ভাবনাময় এক পেশা ওয়েব ডেভেলপমেন্ট

ওয়েব ডেভেলপার কাজী মোহাম্মাদ আকরাম ওয়েব ডেভেলপমেন্টে ক্যারিয়ার গড়ার প্রসঙ্গে বলেন, বর্তমান সময়ে তরুণদের জন্য খুবই সম্ভাবনাময় এক পেশা ওয়েব ডেভেলপমেন্ট। বিশ্বে এই মুহূর্তে সার্বক্ষণিক চালু ওয়েবসাইট রয়েছে ১০ কোটিরও বেশি। পাশাপাশি প্রতিদিন অনেক নতুন নতুন ওয়েবসাইট তৈরি হচ্ছে। এসব ওয়েবসাইট ব্যবস্থাপনার জন্য দরকার প্রচুর পরিমাণে দক্ষ ওয়েব ডেভেলপার। আর আমাদের দেশে যেহেতু কর্মসংস্থানের অভাব রয়েছে তাই তরুণরা এই পেশায় এলে বেকারত্বের পরিমাণ কমবে। ওয়েব ডেভেলপমেন্টে ক্যারিয়ার গড়তে হলে আগে ওয়েবসাইট বিষয়ক প্রোগ্রামগুলো ভালোভাবে আয়ত্ত করতে হবে। পাশাপাশি ভালো ইংরেজি জানতে হবে। কারণ অনলাইনে কাজ করতে বিদেশি ক্লায়েন্টদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। এছাড়া টাইপিং স্পিড ভালো থাকতে হবে। দক্ষতা নিয়ে কাজ শুরু করলে প্রতি ঘণ্টায় ১০ ডলার করে উপার্জন করা সম্ভব। অভিজ্ঞতা বাড়ার সঙ্গে সঙ্গে উপার্জনের পরিমাণও বাড়তে থাকবে। এই সেক্টরে কাজের কখনো অভাব হয় না। মার্কেটপ্লেস ওডেক্স ও ইল্যান্সে সব সময় গড়ে ১২ থেকে ১৫ হাজার কাজ থাকে। তবে মনে রাখতে হবে এখানে একজন ডেভেলপারকে দেশ-বিদেশের অসংখ্য ডেভেলপারের মাঝে কাজ করতে হবে। তাই কাজের মান যত ভালো হবে তত বেশি উন্নতি ও আয় করা সম্ভব। সেক্ষেত্রে প্রতিযোগিতার মনোভাব নিয়ে কাজে নামতে হবে। বিশ্বব্যাপী ওয়েব মার্কেটে বাংলাদেশি ডেভেলপারদের বড় বাজার তৈরির সুযোগ রয়েছে। তবে কোনো ওয়েব ডেভেলপার ইচ্ছে করলে শুধু দেশীয় প্রতিষ্ঠানগুলোতে কাজ করেও ভালো উপার্জন করতে পারে। দেশি অনেক প্রতিষ্ঠানে ওয়েব ডেভেলপারদের জন্য ভালো বেতনে চাকরিরও সুযোগ রয়েছে।

বাংলাদেশে বেশ কিছু প্রতিষ্ঠান ওয়েব ডিজাইন ও ডেভেলপমেন্টের ওপর ৩-৬ মাসের প্রশিক্ষণ দিয়ে থাকে। ১৫ থেকে ২০ হাজার টাকায় কোর্স ফি নেয়া হয় এসব কোর্সে। এর মধ্যে উল্লেখযোগ্য ডেভসটিম লিমিটেড, মাল্টিপ্ল্যান সেন্টার, এলিফ্যান্ট রোড, ঢাকা। ওয়েব কোড, শতাব্দী স্টোর, ফকিরাপুল, ঢাকা। অ্যামেথিস্ট বাংলাদেশ, চট্টগ্রাম (**www.amethystbd.com**)।

এছাড়া অনলাইনে বিভিন্ন সাইটে ওয়েব বিষয়ক অনেক প্রশিক্ষণমূলক টিউটোরিয়াল পাওয়া যায়। কোনো প্রতিষ্ঠানে প্রশিক্ষণ নেয়ার পর এসব টিউটোরিয়াল ফলো করলে দ্রুত দক্ষতা বৃদ্ধি করা সম্ভব। কিছু ই-বুক পাওয়া যায় এই বিষয়ক যেমন– হেড ফার্স্ট এইচটিএমএল উইথ সিএসএস অ্যান্ড এক্সএইচটিএমএল, লার্নিং পিএইচপি ফাইভ, এইচটিএমএল ফাইভ, ডব্লিউটিএফ ইত্যাদি। যে কোনো প্রতিষ্ঠানে কোর্স করার আগে প্রতিষ্ঠান সম্পর্কে ভালোভাবে জেনে নেয়া জরুরি। নামসর্বস্ব অনেক প্রতিষ্ঠান আজকাল খুবই নিম্নমানের কোর্স পরিচালনা করে টাকা হাতিয়ে নিচ্ছে।

যেভাবে কাজ শুরু করতে হবে

মনে রাখুন এই সেক্টরে কাজ শুরু করার আগে আপনি কতখানি দক্ষতা নিয়ে কাজে নামছেন তার ওপর নির্ভর করছে আপনার কাজে সফলতা। কাজ প্রচুর আছে, তবে সব ক্লায়েন্টই চায় দক্ষ ডেভেলপার। দুইভাবে ওয়েব ডেভেলপাররা কাজ পেয়ে থাকেন। এর একটি হচ্ছে, লোকাল মার্কেট বা দেশীয় প্রতিষ্ঠানগুলোর ওয়েবসাইট ডেভেলপমেন্ট আর অন্যটি হলো অনলাইনের মার্কেটপ্লেসগুলোর মাধ্যমে বিদেশি প্রতিষ্ঠানের কাজ। মূলত দ্বিতীয়টিই এই সেক্টরের সবচেয়ে বড় বাজার। সারা বিশ্বের অসংখ্য প্রতিষ্ঠান তাদের কাজের জন্য এসব মার্কেটপ্লেসের মাধ্যমে কাজ করিয়ে নেয়। অনলাইনে কাজ করার জন্য শুরুতে এসব মার্কেটপ্লেসে (যেমন– ওডেক্স ডটকম) অ্যাকাউন্ট খুলতে হয়। এরপর সহজ কিছু পরীক্ষা দিয়ে নিজের প্রোফাইল সমৃদ্ধ করতে হয়। এরপর শুরু করতে পারবেন কাজ। ■